

**AKASHVANI(AIR)**  
**RNU:KOLKATA**  
**BengaliText Bulletin**

**Date 04-02-2026**

**Time: 1.40 PM**

**বিশেষ বিশেষ খবরঃ-**

- ১) মমতা ব্যানার্জীর নেতৃত্বাধীন রাজ্য সরকার, একাধিক কেন্দ্রীয় প্রকল্প চালু করতে ব্যর্থ হওয়ায় সাধারণ মানুষ বঞ্চিত হচ্ছেন বলে বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য দাবি করেছেন।
- ২) এসআইআর প্রক্রিয়া নিয়ে আপত্তি তুলে নির্বাচন কমিশনের বিরুদ্ধে দায়ের করা মামলার শুনানি আজ সুপ্রিম কোর্টে শুরু হয়েছে।
- ৩) রাজ্যে সপ্তদশ বিধানসভার শেষ অন্তর্বর্তী বাজেট আগামীকাল।
- ৪) শ্রী চৈতন্য মহাপ্রভুর ৫৪০ তম জন্মবার্ষিকী উপলক্ষে আয়োজন করা হয়েছে বিশেষ মেলা। অন্যদিকে গতরাত থেকে শুরু হয়েছে শব-এ-বারাত।
- ৫) উত্তরে বাতাসের প্রভাবে রাজ্য জুড়ে এখনও হাল্কা শীতের আমেজ।

---

মমতা ব্যানার্জীর নেতৃত্বে পশ্চিমবঙ্গ সরকার রাজ্যে একাধিক কেন্দ্রীয় প্রকল্প চালু করতে ব্যর্থ হওয়ায় সাধারণ মানুষ বঞ্চিত হচ্ছেন বলে বিজেপির রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য দাবি করেছেন। উচ্চ কক্ষের শূন্যকালে শমীক বাবু বলেন, রাজ্যের আদিবাসী এবং সংখ্যালঘু সম্প্রদায় এজন্যই কেন্দ্রীয় সহায়তা পাচ্ছে না। পশ্চিমবঙ্গে চালু না হওয়া একাধিক কেন্দ্রীয় প্রকল্পের তালিকা তুলে ধরে তিনি বলেন, দেশের মধ্যে

একমাত্র এই রাজ্যেই আয়ুজ্জান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা চালু হয়নি। প্রধানমন্ত্রী ফসল বিমা যোজনা সহ বিভিন্ন কেন্দ্রীয় প্রকল্প কার্যকর না হওয়ায় কৃষকরাও বিপুল ক্ষতির সম্মুখীন হচ্ছেন। পশ্চিমবঙ্গ সরকার জমি দিতে ব্যর্থ হওয়ায় রেলের ৪৩ টি প্রকল্প আটকে রয়েছে। রাজনৈতিক স্বার্থের কারণে রাজ্যে গণতান্ত্রিক মূল্যবোধও বিপন্ন বলে অভিযোগ করেন তিনি।

বাইট

---

সরকার জানিয়েছে, একশো শতাংশ রেশন কার্ড ডিজিটাইজ করা হয়েছে। এর মধ্যে ৯৯ শতাংশেরও বেশি সংযোগ করা হয়েছে আধারের সঙ্গে। লোকসভায় আজ হৈ হট্টোগোলের মধ্যে অতিরিক্ত প্রশ্নের জবাবে উপভোক্তা, খাদ্য ও গণবন্টন বিষয়ক দপ্তরের প্রতিমন্ত্রী নিম্বুবেন বামভানিয়া, বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী খাদ্য নিরাপত্তাকে সর্বোচ্চ অগ্রাধিকার দিচ্ছেন। প্রধানমন্ত্রী গরীব কল্যাণ অন্ন যোজনায় সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে ৮১ কোটিরও বেশি সুবিধাভোগীকে বিনামূল্যে খাদ্যশস্য দিচ্ছে সরকার। এই প্রকল্পকে তিনি বিশ্বের বৃহত্তম খাদ্য নিরাপত্তা কর্মসূচী হিসাবে অভিহিত করেন।

মন্ত্রী আরও জানান, এক দেশ এক রেশন কার্ড প্রকল্পের আওতায় পরিযায়ী শ্রমিকরা এখন দেশের যেকোনো রেশন দোকান থেকে তাদের জন্য নির্ধারিত খাদ্যশস্য রেশন কার্ডের মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। এই প্রকল্পে ২০১ কোটিরও বেশি এই ধরনের ভ্রাম্যমান খাদ্যশস্য সংগ্রহের নজির মিলেছে বলেও তিনি উল্লেখ করেন।

---

এসআইআর প্রক্রিয়া নিয়ে আপত্তি তুলে নির্বাচন কমিশনের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেস সুপ্রিমো মমতা ব্যানার্জী এবং দলের সাংসদ ডেরেক ওব্রায়েনের দায়ের করা মামলাগুলি শুনানি আজ সুপ্রিম কোর্টে শুরু হয়েছে। সওয়ালে উপস্থিত রয়েছেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী স্বয়ং। মুখ্যমন্ত্রীর হয়ে সওয়াল করছেন আইনজীবী শ্যাম দিওয়ান। রয়েছেন কল্যাণ বন্দ্যোপাধ্যায় সহ দলের অন্য আইনজীবীরাও।

রাজ্যের উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রত্যয়িত সমস্ত নথি কমিশন যাতে গ্রহণ করে, সেব্যাপারে নির্দেশ দেওয়ার জন্য শীর্ষ আদালতে আবেদন জানানো হয়েছে। এর আগে মুখ্যমন্ত্রীর মামলাকে অগ্রাধিকারের তালিকায় রাখার আবেদন জানানো হলেও সেই আবেদন গ্রাহ্য হয়নি। প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি বিপুল এম পাণ্ডেগুলির বেঞ্চে মুখ্যমন্ত্রী নিজের বক্তব্য পেশ করছেন বলে জানা গেছে।

মুখ্যমন্ত্রীর এই পদক্ষেপকে কটাক্ষ করেছে বিরোধী দলগুলি। সাংবিধানিক প্রক্রিয়া নিয়ে মুখ্যমন্ত্রী রাজনীতি করছে বলে বিজেপি অভিযোগ করেছে।

অন্যদিকে সিপিএম-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী বলেন, এসআইআর-এর প্রায় শেষ পর্বে এসে মুখ্যমন্ত্রী হঠাৎ কেন এত সক্রিয় হয়ে উঠলেন, তা ভেবে দেখতে হবে।

বাইট

-----

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যে ইভিএম ও ভিভিপ্যাট ব্যবহারের বিষয়ে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে বিশেষ উদ্যোগ নিয়েছে রাজ্যের মুখ্য নির্বাচনী

আধিকারিকের দপ্তর। ফাস্ট লেভেলে চেকিং প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর প্রশিক্ষণ ও সচেতনতা কর্মসূচির জন্য ৬ হাজার ২৫৯টি ব্যালট ইউনিট, ৬ হাজার ২৫৯টি কন্ট্রোল ইউনিট এবং ৬ হাজার ২৫৯টি ভিডিও প্যাট আলাদা করে রাখা হয়েছে। যেগুলি মানুষের সচেতনতা প্রচারে ব্যবহার করা হবে। জেলা নির্বাচনী আধিকারিক এবং রিটার্নিং আধিকারিকদের দপ্তরে ইভিএম প্রদর্শনী কেন্দ্র খোলা হয়েছে।

পাশাপাশি রাজ্য জুড়ে ২৯৪টি ভ্রাম্যমাণ প্রদর্শনী ভ্যান নামানো হয়েছে, যা বিভিন্ন বুথ ও ক্লাস্টারে ঘুরে সচেতনতা কর্মসূচি চালাচ্ছে। এখনও পর্যন্ত এই ভ্রাম্যমাণ প্রদর্শনী ভ্যান ৪ হাজার ৬১৭টি ভোটকেন্দ্র এলাকায় পৌঁছেছে। ২৩ হাজারের বেশি মানুষ সরাসরি এই প্রদর্শনী দেখেছেন এবং ১৯ হাজার সাতশোর বেশি মানুষ অংশ নিয়েছেন মক পোল প্রক্রিয়ায়। নির্বাচন ঘোষণা হওয়া পর্যন্ত এই সচেতনতা কর্মসূচি চলবে। এরপর শুধুমাত্র ডিজিটাল মাধ্যমে সচেতনতা কর্মসূচি চালানো হবে বলে জানানো হয়েছে।

সুপ্রিম কোর্ট, নিট পিজি ২০২৫- ২৬ এর যোগ্যতা নির্ণায়ক কাট অফ নম্বর পারসেন্টাইল কমানোর National Board of Examinations in Medical Sciences (NBEMS) এর সিদ্ধান্ত কে চ্যালেঞ্জ জানিয়ে দাখিল করা একটি আবেদন সম্পর্কে কেন্দ্র ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জবাব চেয়েছে। দুই বিচারপতি পি এস নরসিমহা এবং অলক আরাধের বেঞ্চ, কেন্দ্র, NBEMS এবং জাতীয় মেডিক্যাল কমিশন এন এম সি ও সংশ্লিষ্ট পক্ষ কে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে। শুক্রবার মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, স্নাতকোত্তর মেডিক্যালে ১৮ হাজারেরও বেশি আসন শূন্য পড়ে থাকায়, NBEMS, নিট পিজির কাট অফ নম্বর কমানোর কথা ঘোষণা করে।

সংশোধিত সূচী অনুসারে সংরক্ষিত শ্রেণির জন্যে যোগ্যতা নির্ণায়ক পারসেন্টাইল ৪০ থেকে শূন্যে নামিয়ে আনা হয়েছে।

সাধারণ শ্রেণির ক্ষেত্রেও পারসেন্টাইল ৫০ থেকে কমিয়ে করা হয়েছে ৭।

-----

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় প্রগতি। আজ শুনবেন পশ্চিমবঙ্গের জলপথের উন্নয়নে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উদ্যোগ নিয়ে বিশেষ আলোচনা।

কলকাতার শ্যামা প্রসাদ মুখার্জী বন্দরের চিফ ইঞ্জিনিয়ার শান্তনু মিত্রের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আজ শুনবেন প্রথম পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত সাড়ে নটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

-----

রাজ্যপালের অভিভাষনের মধ্যে দিয়ে আগামীকাল ফের বিধানসভায় অন্তর্বর্তী বাজেট অধিবেশন শুরু হবে। দ্বিতীয়ার্ধে রাজ্যের অন্তর্বর্তী বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। এবারের অধিবেশন চলবে আগামী সোমবার পর্যন্ত।

প্রথামাফিক শোক প্রস্তাব গ্রহণের মধ্য দিয়ে গতকাল রাজ্য বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশন শুরু হয়। এটিই সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন।

-----

বিজেপি, রাজ্যে সর্বত্রই প্রশাসনিক আইনশৃঙ্খলা সম্পূর্ণ ভেঙে পড়েছে বলে অভিযোগ করেছে। ঢাকুরিয়ার কাঁকুলিয়ায় সংঘর্ষের ঘটনা থেকে তা প্রমাণিত বলে দলের মুখপাত্র দেবজিত সরকার অভিযোগ করেছেন। এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, উত্তর থেকে দক্ষিণ কোথাওই গণতান্ত্রিক পরিস্থিতি স্বাভাবিক নয়।

বাইট দেবজিত সরকার

এদিকে ঐ ঘটনায় থ্রেপ্তারের বেড়ে ১৯ জনে দাঁড়িয়েছে। তবে মূল অভিযুক্ত সোনা পাণ্ডু এখনও অধরা।

-----

সুন্দরবনের লাহিড়ীপুর গ্রাম পঞ্চায়েতের বাঘের হানায় মৃত প্রফুল্ল মণ্ডলের পরিবারকে অবিলম্বে ক্ষতিপূরণের টাকা দেওয়ার নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। ২০১৯ সালের ২৪ ডিসেম্বর বাঘের হামলায় মৃত্যু হয় প্রফুল্লর। দীর্ঘদিন ধরে ক্ষতিপূরণ না পেয়ে অবশেষে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন মৃতের স্ত্রী। বিচারপতি কৃষ্ণা রাও গতকাল রাজ্যকে নির্দেশ দিয়েছেন, সমস্ত নথি চার সপ্তাহের মধ্যে খতিয়ে দেখে, পরের দু'সপ্তাহের মধ্যে ক্ষতিপূরণের ৫ লক্ষ টাকা দিয়ে দিতে হবে।

-----

দক্ষিণ ২৪ পরগনার মন্দিরবাজার থানার লক্ষ্মীকান্তপুর বাজার এলাকায় গতকাল গভীর রাতে বিধ্বংসী অগ্নিকাণ্ডে একাধিক দোকান ভস্মীভূত হয়ে গেছে। অভিযোগ, একটি দোকানে থাকা গ্যাস সিলিন্ডারে বিস্ফোরণের পর মুহূর্তের মধ্যেই আগুন ছড়িয়ে পড়ে আশপাশের দোকানগুলিতে। খবর পেয়ে ডায়মন্ডহারবার ও জয়নগর থেকে দমকলের দুটি ইঞ্জিন ঘটনাস্থলে পৌঁছে দীর্ঘ চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। এই

অগ্নিকাণ্ডে লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে প্রাথমিক অনুমান। আগুন লাগার সঠিক কারণ জানতে তদন্তে নেমেছে দমকল ও মন্দিরবাজার থানার পুলিশ।

-----

AIIMS Kalyani তে কর্মী নিয়োগের নামে সোশ্যাল মিডিয়ায় দেওয়া ভুয়ো বিজ্ঞাপনের মাধ্যমে প্রতারণা চক্রের কিনারা করেছে সাইবার থানার পুলিশ। এর সঙ্গে জড়িত চার জনকে গ্রেপ্তার করা হয়েছে। প্রতারকরা ধাপে ধাপে Appointment Letter, Joining Letter, Job Confirmation Letter ও Agreement Letter দেওয়ার নামে এক ব্যক্তির কাছ থেকে মোট ৫৫,০৪০/- টাকা হাতিয়ে নিয়েছে বলে থানায় অভিযোগ দায়ের হয়। ব্যাঙ্ক অ্যাকাউন্টের সূত্র ধরে পুলিশ ধানতলা এলাকা থেকে প্রথমে দু'জন অভিযুক্তকে গ্রেফতার করে। তাদের জেরা করে ওই চক্রের মূল পাভা আরও দু'জন কে গ্রেপ্তার করা হয়। পুলিশি অভিযানে প্রতারিতের সম্পূর্ণ টাকা উদ্ধার হয়েছে।

-----

শ্রী চৈতন্য মহাপ্রভুর ৫৪০ তম জন্মবার্ষিকী উপলক্ষে, উত্তর কলকাতার বাগবাজার গৌড়ীয় মিশনের উদ্যোগে আয়োজন করা হয়েছে শ্রীচৈতন্য মহোৎসব ও মেলা। চলবে ৮ তারিখ পর্যন্ত। একইসঙ্গে গৌড়ীয় মঠের প্রতিষ্ঠাতা ভক্তিসিদ্ধান্ত সরস্বতী গোস্বামী প্রভুপাদের ১৫২ তম জন্মতিথি উপলক্ষে নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। নগর সংকীর্তন, শোভাযাত্রা, শ্রীচৈতন্য দেবের জীবন ও বাণী নিয়ে আলোচনা ও অনুষ্ঠানে যোগ দিতে বহু মানুষ ভীড় জমিয়েছেন।

-----

ইসলাম চান্দ ক্যালেন্ডার অনুযায়ী গত রাত থেকে শুরু হয়েছে শব-এ-বরাত। রাজ্যের বিভিন্ন জেলায় ইসলাম ধর্মবিশ্বাসী মানুষেরা বিশেষ প্রার্থনা ধর্মসভা কোরান ও ধর্মগ্রন্থ পাঠের মধ্যে দিয়ে দিনটি উদযাপন করছেন। মূর্শিদাবাদেও গত রাত থেকেই আলোকমালায় সজ্জিত হয়েছে বিভিন্ন ধর্মস্থান ও সাধারণ ঘরবাড়ি। কথিত আছে এই রাতেই ঈশ্বর জগৎ সংসারের প্রতিটি প্রাণীর আহার ও সৌভাগ্য প্রদান করার পাশাপাশি সকল পাপ ক্ষমা করেন।

---

উত্তরে বাতাসের প্রভাবে এখনও রাজ্যজুড়ে হালকা শীতের আমেজ রয়েছে। তবে গত কয়েকদিন কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিক বা তার নিচে থাকলেও আজ তা কিছুটা বেড়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ১ দশমিক ২ ডিগ্রি বেশি। আগামী সাত দিন শুষ্ক আবহাওয়া থাকবে এবং সকালের দিকে বিক্ষিপ্তভাবে কুয়াশার সম্ভাবনা রয়েছে।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী শুক্রবার পরীক্ষা-পে-চর্চা পর্বটি দেখার জন্য নাগরিকদের কাছে আহ্বান জানিয়েছেন। সামাজিক মাধ্যমে এক পোস্টে তিনি বলেছেন, ভারতবর্ষের তরুণদের সঙ্গে মত বিনিময় করার ফলে মন সতেজ হয়ে যায়। প্রধানমন্ত্রী চাপমুক্ত হয়ে পরীক্ষার গুরুত্বের ওপর জোর দিয়েছেন এবং যে কোন চ্যালেঞ্জ মোকাবিলা করে আত্মবিশ্বাস গড়ে তোলার বিষয়ে বাস্তব সম্মত অন্তর্দৃষ্টির কথা বলেছেন। দেবমুগরা, কোয়েমবাটোর, রায়পুর, গুয়াহাটি, দিল্লির ৭ নম্বর লোককল্যাণ মার্গে এবছর প্রধানমন্ত্রীর সঙ্গে পরীক্ষার্থীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। এটি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ইউটিউ চ্যানেল, দূরদর্শন এবং আকাশবাণীতে সম্প্রচারিত হবে।

